

🗏 আশ-শূরা | Ash-Shura | الشُّورى

আয়াতঃ ৪২: ২৪

া আরবি মূল আয়াত:

اَم يَقُولُونَ افتَرَى عَلَى اللهِ كَذِبًا فَإِن يَّشَا اللهُ يَختِم عَلَى قَلبِكَ اَ وَ يَمحُ اللهُ البَاطِلَ وَ يُحِقُّ الحَقَّ بِكَلِمتِهِ اللهُ البَاطِلَ وَ يُحِقُّ الحَقَّ بِكَلِمتِهِ اللهُ عَلِيمٌ بِذَاتِ الصَّدُورِ ﴿٢٢﴾

তারা কি একথা বলে যে, সে আল্লাহ সম্পর্কে মিথ্যা উদ্ভাবন করেছে? অথচ যদি আল্লাহ চাইতেন তোমার হৃদয়ে মোহর মেরে দিতেন। আর আল্লাহ মিথ্যাকে মুছে দেন এবং নিজ বাণী দ্বারা সত্যকে প্রতিষ্ঠিত করেন। নিশ্চয় তিনি অন্তরসমূহে যা আছে, সে সম্পর্কে সবিশেষ অবহিত। — আল-বায়ান

তারা কি বলে যে, এ লোক আল্লাহর নামে মিথ্যা রচনা করেছে? আল্লাহ চাইলে তোমার হৃদয়ে মোহর মেরে দিতেন। বস্তুতঃ তিনি মিথ্যাকে মিটিয়ে দেন এবং নিজ বাক্য দ্বারা সত্যকে প্রতিষ্ঠিত করেন। তিনি (সকলের) অন্তরে নিহিত বিষয় সম্পর্কে খুবই অবগত। — তাইসিক্ল

তারা কি বলে যে, সে আল্লাহ সম্পর্কে মিথ্যা উদ্ভাবন করেছে? যদি তা'ই হত তাহলে আল্লাহ ইচ্ছা করলে তোমার হৃদয় মোহর করে দিতেন। আল্লাহ মিথ্যাকে মুছে দেন এবং নিজ বাণী দ্বারা সত্যকে প্রতিষ্ঠিত করেন। অন্তরে যা আছে সেই বিষয়ে তিনি সবিশেষ অবহিত। — মুজিবুর রহমান

Or do they say, "He has invented about Allah a lie"? But if Allah willed, He could seal over your heart. And Allah eliminates falsehood and establishes the truth by His words. Indeed, He is Knowing of that within the breasts. — Sahih International

২৪. নাকি তারা বলে যে, সে আল্লাহ সম্পর্কে মিথ্যা উদ্ভাবন করেছে, যদি তা-ই হত। তবে আল্লাহ ইচ্ছে করলে আপনার হৃদয় মোহর করে দিতেন। আর আল্লাহ মিথ্যাকে মুছে দেন এবং নিজ বাণী দ্বারা সত্যকে প্রতিষ্ঠিত করেন। নিশ্চয় অন্তরসমূহে যা আছে সে বিষয়ে তিনি সবিশেষ অবগত।

তাফসীরে জাকারিয়া

(২৪) ওরা কি বলতে চায় যে, 'সে (মুহাম্মাদ) আল্লাহ সম্পর্কে মিথ্যা উদ্ভাবন করেছে'? (যদি তাই হত) তাহলে (হে মুহাম্মাদ!) আল্লাহ ইচ্ছা করলে তোমার হৃদয়ে মোহর করে দিতেন।[1] আল্লাহ মিথ্যাকে মুছে



দেন[2] এবং নিজ বাণী দ্বারা সত্যকে প্রতিষ্ঠিত করেন। অন্তরে যা আছে সে বিষয়ে তিনি নিঃসন্দেহে সবিশেষ অবহিত।

- [1] অর্থাৎ, এই অপবাদে যদি সত্যতা থাকত, তবে আমি তোমার অন্তরে মোহর মেরে দিতাম। যার ফলে সেই কুরআনই মিটে যেত, যা তোমার নিজের মনগড়া বলে দাবী করা হয়। অর্থাৎ, আমি তোমাকে এর কঠিন শাস্তি দিতাম।
- [2] এই কুরআনও যদি বাতিল হত (যা মিথ্যুকদের দাবী), তবে অবশ্যই মহান আল্লাহ একেও মিটিয়ে দিতেন। কারণ, এটাই (বাতিলকে মিটিয়ে দেওয়া হল) তাঁর নীতি।

তাফসীরে আহসানূল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4296

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন